www.xtrapapers.com

Cambridge Assessment International Education

# Cambridge O Level

CANDIDATE NAME

CENTRE NUMBER | CANDIDATE NUMBER

*7494602232*

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2022**

**1 hour 30 minutes**

You must answer on the question paper.

You will need: Insert (enclosed)

**INSTRUCTIONS**
- Answer **all** questions in **Bengali**.
- Use a black or dark blue pen.
- Write your name, centre number and candidate number in the boxes at the top of the page.
- Write your answer to each question in the space provided.
- Do **not** use an erasable pen or correction fluid.
- Do **not** write on any bar codes.
- Dictionaries are **not** allowed.

**INFORMATION**
- The total mark for this paper is 110.
- The number of marks for each question or part question is shown in brackets [ ].
- The insert contains the reading passages.

This document has **12** pages. Any blank pages are indicated.

KI 303587/3
© UCLES 2022
[Turn over

www.xtrapapers.com



## Section A
## বিভাগ : ক

### Separation of Words

সন্ধিবিচ্ছেদ

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধিবিচ্ছেদ করো।

1 দুষ্টামি

........................................................................................................................................ [2]

2 শীতার্ত

........................................................................................................................................ [2]

3 নিশ্চিত

........................................................................................................................................ [2]

4 ষড়যন্ত্র

........................................................................................................................................ [2]

5 সঞ্চয়

........................................................................................................................................ [2]

www.xtrapapers.com



**Idioms, Proverbs and Words in Pairs**
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া বাগধারা/প্রবচন/জোড়াশব্দের তালিকা থেকে সঠিক উত্তরটি বেছে কেবল তার **নম্বরটি** বসিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ করো।

| | |
|---|---|
| **(1)** বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা | **(6)** নয় ছয় |
| **(2)** লম্ফঝম্ফ | **(7)** বসন্তের কোকিল |
| **(3)** এক মাঘে শীত যায় না | **(8)** ছাই ফেলতে ভাঙ্গা কুলা |
| **(4)** ধরি মাছ না ছুঁই পানি | **(9)** তেলা মাথায় তেল দেওয়া |
| **(5)** মরার উপর খাঁড়ার ঘা | **(10)** মাথা খাওয়া |

**6** মজিদ সাহেব মেয়র নির্বাচিত হওয়ার পর সবাই ফুলের তোড়া নিয়ে তাঁর বাড়ির দিকে ছুটছে। .............. আর কাকে বলে! [2]

**7** অফিসের ভিতর যেসব অপকর্ম চলছে সেগুলো সবার জানা দরকার কিন্তু .............. অত সহজ নয়। [2]

**8** বাবার কষ্টার্জিত টাকা ছেলেরা .............. করে উড়িয়ে দিলো। [2]

**9** আমাকে বিপদে ফেলে এবার পার পেলে। মনে রেখো .............. । [2]

**10** চাকুরী যাওয়ার পরপরই মারাত্মক রোগে আক্রান্ত হলেন, এ যেন .............. । [2]

© UCLES 2022

www.xtrapapers.com



## Sentence Transformation
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখো যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

**11** স্বাস্থ্য ভালো রাখতে হলে নিয়মিত ব্যায়াম করতে হবে।

........................................................................................................................ না। [2]

**12** প্রকৃত শিক্ষা ছাড়া কোনও জাতির উন্নতি সম্ভব না।

জাতির উন্নতি ........................................................................................................................ । [2]

**13** বিল গেইটস যে একজন দানবীর তা সবাই জানে।

বিল গেইটস ........................................................................................................................ ! [2]

**14** তুমি ছাড়া আর কে আমাকে সাহায্য করবে?

তুমি ........................................................................................................................ । [2]

**15** শিক্ষক আমাকে জিজ্ঞাসা করলেন, ‘তুমি গতকাল স্কুলে আসোনি কেন?’

শিক্ষক ........................................................................................................................ । [2]

www.xtrapapers.com



## Cloze Passage

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ করো।

আজ থেকে একশ বছর আগে রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, 'দাও ফিরে সে অরণ্য, লও এ নগর, লও যত লৌহ লোষ্ট্র কাষ্ঠ ও প্রস্তর'। আজ বাংলাদেশের দিকে তাকালে মনে হয় রবীন্দ্রনাথ কতটা **(16)** ___________ ছিলেন। আজ আমরা উন্নয়নের জোয়ারে ভেসে চলছি। শহরগুলোতে গড়ে উঠছে **(17)** ___________ ভবন আর দীর্ঘ উড়ালসেতু। গ্রামগুলো থেকেও পুরনো ধাঁচের মাটির বা বাঁশের তৈরি ঘরবাড়ি **(18)** ___________ হয়ে যাচ্ছে। সেখানেও ইটের দালানকোঠা তৈরি হচ্ছে। কিন্তু এইসব বাড়িঘর তৈরি করতে প্রয়োজনীয় ইট বানাবার জন্য মানুষ ফসলের জমি **(19)** ___________ করে ইটখোলা বানাচ্ছে। শুধু তাই নয়, কাঁচা ইট পোড়াবার জন্য ব্যবহার করা হচ্ছে কাঠ, কয়লা বা গ্যাস। ইটের ভাটার চিমনী থেকে **(20)** ___________ হচ্ছে ধোঁয়া ও কার্বন-ডাই-অক্সাইড। এগুলো এলাকার বাতাসকে বিষাক্ত করে ফেলছে। বেড়ে যাচ্ছে কাশি, হাঁপানী ও নানাবিধ বক্ষব্যাধি। বাংলাদেশের **(21)** ___________ আর একটা দিক হলো ব্যাপকভাবে গড়ে ওঠা পোশাক শিল্প। সস্তা শ্রমের কারণে বিদেশীরা বাংলাদেশকে তাদের পোশাক তৈরির **(22)** ___________ হিসেবে বেছে নিয়েছে। এতে আমাদের বেকার সমস্যার কিছুটা **(23)** ___________ হয়েছে বটে তবে নদীমাতৃক বাংলাদেশের নদীগুলোকে সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে। পোশাকশিল্পের জন্য প্রয়োজনীয় সুতা, কাপড় এবং রঙের কারখানা থেকে প্রচুর **(24)** ___________ রাসায়নিক বর্জ্য নদীগুলোতে নিষ্কাশন করা হয়। ফলে, নদীর পানি সম্পূর্ণভাবে দূষিত হয়ে যাচ্ছে। এতে **(25)** ___________ ক্ষতি হয়েছে মৎস্য শিল্পের। অনেক নদীর মাছ বিলীন হয়ে গেছে।

| | | |
|---|---|---|
| নির্গত | সঠিক | কেন্দ্র |
| সোনালী | মারাত্মক | লম্বা |
| আকাশচুম্বী | শ্যামল | নষ্ট |
| সমাধান | বিষাক্ত | প্রবাহিত |
| তৈরি | বিলুপ্ত | উন্নয়নের |

[20]

www.xtrapapers.com



## Section B
## বিভাগ : খ

### Multiple Choice Comprehension
বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।

**26** বিজ্ঞাপন বলতে আসলে কী বোঝায়?

**A** ☐ বিশেষজ্ঞের ধারণা।

**B** ☐ নিকটজনের উপদেশ।

**C** ☐ নির্ভরযোগ্য ঘোষণা।

**D** ☐ বিশেষ উদ্দেশ্যে প্রচার। [2]

**27** প্রথমদিকে কোন ধরনের বিজ্ঞাপনের প্রচলন ছিলো?

**A** ☐ মুখে মুখে জানিয়ে দেওয়া।

**B** ☐ দেয়ালে লিখে প্রচার করা।

**C** ☐ পোস্টার আর ব্যানার লাগানো।

**D** ☐ সাইনবোর্ডের ব্যবহার। [2]

**28** বর্তমানকালে বিজ্ঞাপন কোন মাধ্যমে বেশি সফল হয়েছে?

**A** ☐ সামাজিক যোগাযোগমাধ্যমে।

**B** ☐ আলোকসজ্জিত বিলবোর্ডগুলোর মাধ্যমে।

**C** ☐ ছাপানো পত্রিকার মাধ্যমে।

**D** ☐ রেডিও-টিভির সম্প্রচারে। [2]

© UCLES 2022

www.xtrapapers.com



**29** ক্রেতাদের সাথে বিজ্ঞাপনদাতারা কীভাবে দ্রুততার সাথে সম্পর্ক স্থাপন করেছে?

| | | |
|---|---|---|
| **A** | | জাদুকরী উপস্থাপনা দিয়ে। |
| **B** | | বিনোদনমূলক প্রচারণা দিয়ে। |
| **C** | | চাহিদার সাথে মেলবন্ধন সৃষ্টি করে। |
| **D** | | যথাযোগ্য নির্দেশনা তৈরি করে। |

[2]

**30** নিবন্ধটি অনুসারে কোন বিজ্ঞাপনটির গ্রহণযোগ্যতা বেশি?

| | | |
|---|---|---|
| **A** | | ত্বকের রঙ পরিবর্তনে প্রসাধনীর ব্যবহার। |
| **B** | | খাওয়ার স্যালাইন তৈরির নিয়মাবলী। |
| **C** | | শক্তি বা বুদ্ধিবর্ধক পানীয়। |
| **D** | | রান্নার স্বাদ বাড়াতে তেলের ব্যবহার। |

[2]

**31** সঠিক পণ্যটি বেছে নিতে ক্রেতাদের বিশেষত কী খেয়াল রাখা উচিত?

| | | |
|---|---|---|
| **A** | | বিজ্ঞাপনের বক্তব্যকে আমলে নেওয়া। |
| **B** | | কেবলমাত্র পরিচিত প্রতিষ্ঠানের পণ্য ব্যবহার করা। |
| **C** | | বিজ্ঞাপনের প্রচার সংখ্যার ওপর নির্ভর করা। |
| **D** | | পণ্যটির কার্যকারিতা যাচাই করা। |

[2]

**32** বিজ্ঞাপনে আস্থা বাড়াতে বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোকে কীভাবে এগিয়ে আসতে হবে?

| | | |
|---|---|---|
| **A** | | পণ্যের বাস্তব দিকগুলো উপস্থাপন করতে হবে। |
| **B** | | ইন্টারনেটনির্ভর প্রচারণা চালাতে হবে। |
| **C** | | ক্রেতাদের পণ্য ক্রয়ে বাড়তি ছাড় দিতে হবে। |
| **D** | | ক্রেতাদের অনুভূতিতে নাড়া দেওয়ার চেষ্টা করতে হবে। |

[2]

www.xtrapapers.com



## Section C
## বিভাগ : গ

### OE Comprehension

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** নম্বর প্রশ্নের উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না। *(প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)*।

**33** এথেন্স থেকে স্যান্তরিনি বিমান যাত্রায় লেখকের কী কী অভিজ্ঞতা হয়েছিলো? **চারটির** বর্ণনা দাও।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

[6]

**34** লেখক স্যান্তরিনি বিমানবন্দরের যে বর্ণনা দিয়েছেন তার **চারটি** লেখো।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

[6]

www.xtrapapers.com



**35** স্যান্তরিনিতে লেখকের হোটেল সম্পর্কে **চারটি** বিষয় লেখো।

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................
[6]

**36** স্যান্তরিনির দ্বীপের ভৌগলিক অবস্থান সম্পর্কে **দুটি** এবং এর ইতিহাস সম্পর্কে **দুটি** বিষয় লেখো।

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................
[6]

**37** লেখক স্যান্তরিনির রাজধানী ফিরা সম্বন্ধে কী কী তথ্য দিয়েছেন? **চারটি** বিষয় লেখো।

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................

...................................................................................................................................
[6]

www.xtrapapers.com



**38** পঞ্চম অনুচ্ছেদ অনুসারে লেখককে কোন কোন জিনিষ মুগ্ধ করেছে। **চারটির** উল্লেখ করো।

.............................................................................................................................................

.............................................................................................................................................

.............................................................................................................................................

.............................................................................................................................................

.............................................................................................................................................

............................................................................................................................................. [6]

**Vocabulary**

শব্দার্থ
এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখো।

**39** নিরাপদে

............................................................................................................................. [2]

**40** দৃশ্যমান

............................................................................................................................. [2]

**41** প্রসিদ্ধ

............................................................................................................................. [2]

**42** প্রান্ত

............................................................................................................................. [2]

**43** নয়নাভিরাম

............................................................................................................................. [2]

www.xtrapapers.com



BLANK PAGE

www.xtrapapers.com



**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge Assessment International Education Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge Assessment International Education is part of Cambridge Assessment. Cambridge Assessment is the brand name of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is a department of the University of Cambridge.